সৃজনশীল বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

মুজিববর্ষ ১০০

৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.১৯.৩৭৬ (১-৩)

২০ আশ্বিন ১৪২৭
৫ অক্টোবর ২০২০

# সেপ্টেম্বর ২০২০ মাসের কার্যক্রমের তথ্যাদি

০১। **'Art Against Corona ' (a social & cultural movement through art)** এর অংশ হিসেবে নিয়মিত ফেসবুক লাইভ 'শিল্পআড্ডা' কর্মসূচির ১০০তম পর্ব উদ্‌যাপন : বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের সংক্রমণে আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ যখন সংকটময় মুহূর্ত অতিক্রম করছিলো ঠিক তখন সারাদেশের প্রত্যেকটি মানুষের মনোবল সুদৃঢ় রাখা, অশান্ত চিত্তে প্রশান্তি দেয়া, প্রতিটি মানুষের মধ্যে শক্তি-সাহস সঞ্চারিত করা এবং সরকারি নির্দেশনা ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানানোর মাধ্যমে সচেতনতাসৃষ্টিসহ শিল্প আন্দোলনে শিল্পী ও সংস্কৃতিকর্মীদের সম্পৃক্তকরণের লক্ষ্যে সৃজনশীল ভাবনা **'Art Against Corona' (a social and cultural movement through art)** বা করোনার বিরুদ্ধে শিল্প। শিল্প দিয়ে আমরা করোনাকে জয় করবো। এই অনন্য ভাবনাটি ভেবেছিলেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির সম্মানিত মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী মহোদয়। মহাপরিচালক মহোদয়ের সৃষ্টিশীল এই ভাবনা ও পরিকল্পনা এবং নির্দেশনার প্রেক্ষিতে সিলেটের জেলা কালচারাল অফিসার জনাব অসিত বরণ দাশ গুপ্ত সিলেট থেকে প্রথম জেলা শিল্পকলা একাডেমি সিলেটের আয়োজনে ভার্চুয়াল পদ্ধতিতে শিল্পআড্ডা শিরোনামে ফেসবুক লাইভ অনুষ্ঠান শুরুর উদ্যোগ গ্রহণ করেন। জেলা শিল্পকলা একাডেমি সিলেটের অফিসিয়াল ফেসবুক পেইজ (facebook.com/zsasylhet) থেকে সম্প্রচারিত শিল্পআড্ডা অনুষ্ঠানটি ২৯ এপ্রিল ২০২০ তারিখে শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বাংলাদেশ শিল্পকলা একাডেমির সম্মানিত মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী। ২৯ এপ্রিল থেকে ৩১ জুলাই পর্যন্ত টানা ৯২দিন প্রতিদিন রাত ৮:৩০ মিনিট থেকে এই কর্মসূচিটি সরাসরি সম্প্রচারিত হয়েছে। তারপর শোকাবহ আগস্ট মাসে শোক ও শ্রদ্ধায় জাতির পিতাকে স্মরণের লক্ষ্যে 'শিল্পের আলোয় বঙ্গবন্ধু' শীর্ষক মাসব্যাপী নানা কর্মসূচি পালিত হওয়ায় ১ থেকে ৮ সেপ্টেম্বর শিল্পআড্ডার ৯৩ থেকে ৯৯ পর্ব পর্যন্ত আয়োজন করা হয়েছে। দেশ-বিদেশের প্রখ্যাতশিল্পী এবং ৮টি বিভাগের গুণী ও শিশুশিল্পীর অংশগ্রহণে ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরিবেশনার সমন্বয়ে ২০ সেপ্টেম্বর ২০২০ তারিখে **'Art Against Corona'** শীর্ষক শিল্পআড্ডার ১০০তম পর্ব উদ্‌যাপন করা হয়। শততম পর্বে সিলেটের সম্মানিত জেলা প্রশাসক ও জেলা শিল্পকলা একাডেমির সভাপতি জনাব এম কাজী এমদাদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির সম্মানিত মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী। জেলা কালচারাল অফিসার জনাব অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় এতে আমন্ত্রিত অতিথিশিল্পী হিসেবে যুক্ত ছিলেন দেশবরেণ্য সংগীতশিল্পী জনাব ফাতেমা তুজ জোহরা, ইংল্যান্ড থেকে বিশিষ্ট সংগীতশিল্পী জনাব হিমাংশু গোস্বামী, সিলেট থেকে বিশিষ্ট সংগীতশিল্পী জনাব জামাল উদ্দিন হাসান বান্না, ভারত থেকে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের কণ্ঠসংগীত বিভাগের সহযোগী অধ্যাপক ড. কঙ্কনা মিত্র (রায় চৌধুরী), কানাডা থেকে বিশিষ্ট সংগীতশিল্পী ড. মমতাজ মমতা, ময়মনসিংহ থেকে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের সহকারী অধ্যাপক ড. আলিফ লায়লা, বরিশাল থেকে বিশিষ্ট বাচিকশিল্পী ও সংগঠক জনাব কাজল ঘোষ, রংপুর থেকে বিশিষ্ট ভাওয়াইয়া শিল্পী জনাব খন্দকার মোহাম্মদ আলী সম্রাট, কুমিল্লা থেকে বিশিষ্ট সংগীতশিল্পী জনাব শিউলি রায়, চাঁপাইনবাবগঞ্জ থেকে গম্ভীরা দলের সদস্য জনাব শিতেষ সিংহ ও জনাব ঋত্তিক কুমার সিংহ এবং খুলনা থেকে চ্যানেল আই ক্ষুদে গানরাজ ২০১৩ চ্যাম্পিয়ান শিশুশিল্পী ফাইরুজ মালিহা ও চ্যানেল আই গানের রাজা ২০১৯ চ্যাম্পিয়ান শিশুশিল্পী ফাইরুজ লাবিবা। শততম পর্ব উদ্‌যাপন অনুষ্ঠানের শুরুতেই প্রশিক্ষক জনাব প্রতিভা রায় কেয়ার পরিচালনায় জেলা শিল্পকলা একাডেমি সিলেটের নৃত্য বিভাগের শিক্ষার্থীরা পরিবেশন করে নৃত্যালেখ্য 'মুজিব মানে মুক্তি'। তারপর একে একে দেশ-বিদেশের প্রখ্যাতশিল্পী ও ৮টি বিভাগের গুণী ও শিশুশিল্পীগণ শততম পর্বের শুভেচ্ছা জ্ঞাপনের মাধ্যমে প্রত্যেকের সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করেন।

০২। ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থবছরের অডিট কার্যক্রম স্থানীয়ভাবে সম্পন্নকরণ : জেলা শিল্পকলা একাডেমি এডহক কমিটির ৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থবছরের অডিট কার্যক্রম স্থানীয়ভাবে ৭ সেপ্টেম্বর শুরু হয়ে ১৪ সেপ্টেম্বর ২০২০ তারিখে সম্পন্ন করা হয়েছে।

০৩। সিলেট জেলার সাংস্কৃতিক বৈশিষ্ট্য, মনীষী ও সংস্কৃতিজনদের জীবন ও কর্মকথা শীর্ষক অনুষ্ঠান ভার্চুয়াল পদ্ধতিতে আয়োজন : বাংলাদেশ শিল্পকলা একাডেমি নির্দেশনা অনুযায়ী সিলেট জেলার সাংস্কৃতিক বৈশিষ্ট্য, মনীষী ও সংস্কৃতিজনদের জীবন ও কর্মকথা শীর্ষক অনুষ্ঠান অনলাইনে ১৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে আয়োজন করা হয়। অনষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনা ও সমন্বয়ে সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন লোকসংস্কৃতি গবেষক ও মদনমোহন কলেজ সিলেটের প্রাক্তন অধ্যক্ষ ড. আবুল ফতেহ ফাত্তাহ; কবি ও গবেষক এবং লিডিং ইউনিভার্সিটি সিলেটের পরীক্ষা নিয়ন্ত্রক ড. মোস্তাক আহমাদ দীন; লোকসংস্কৃতি গবেষক ও প্রাবন্ধিক সুমনকুমার দাশ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন নাট্যকার ও লোকগান বিশ্লেষক মু. আনোয়ার হোসেন রনি। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন সংগীতশিল্পী শামীম আহমদ ও তন্বী দেব।

[চলমান পাতা -২]